দৈনিক
জনকণ্ঠ

তারিখ 5 JAN 20 3
পৃষ্ঠা ... কলাম ...

—জনকণ্ঠ

ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকীতে (বাঁয়ে) বগুড়া ও খুলনায় (ডানে) বর্ণাঢ্য র‍্যালি শহর প্রদক্ষিণ করে

প্রতিষ্ঠাবার্ষিকীতে সারা দেশে ছাত্রলীগের প্রাণচাঞ্চল্য

জনকণ্ঠ রিপোর্ট ॥ বাংলাদেশ ছাত্রলীগের ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকীতে দেশের বিভিন্ন স্থানে অনুষ্ঠিত হয়েছে কর্মসভা, সমাবেশ ও বর্ণাঢ্য র‍্যালি। ঐতিহ্যবাহী এ ছাত্র সংগঠনটি আবার যেন গা-ঝাড়া দিয়ে উঠেছে, ফিরে পেয়েছে স্বাভাবিক প্রাণচাঞ্চল্য। খুলনা থেকে আমাদের স্টাফ রিপোর্টার জানান, বাংলাদেশ ছাত্রলীগের ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে শনিবার সকালে নগরীতে এক বিশাল বর্ণাঢ্য র‍্যালি ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। সমাবেশে বক্তারা প্রধানমন্ত্রীর '১৫ বছর ক্ষমতায় থাকা' বক্তব্যের তীব্র সমালোচনা করেছেন। বক্তারা বলেন, এটি বিএনপি ও জামায়াত জোট সরকারের স্বৈরতান্ত্রিক মনোভাবের প্রতিফলন। কথাটি সংবিধান বিরোধী। প্রধানমন্ত্রী এ কথা বলে সংবিধান লঙ্ঘন করেছেন।

ছাত্রলীগ জেলা ও মহানগর শাখার উদ্যোগে বিশাল বর্ণাঢ্য র‍্যালিটি নগরীর প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে দলীয় কার্যালয় চত্বরে এসে শেষ হয়। এখানে অনুষ্ঠিত সমাবেশে মহানগর ছাত্রলীগ সভাপতি আবুল কালাম আজাদ কামাল সভাপতিত্ব করেন। বক্তৃতা করেন আওয়ামী লীগ নেত্রী সাবেক এমপি বেগম মনুজান সুফিয়ান, জেলা সভাপতি শেখ হারুন অর রশিদ, নগর আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক বীর মুক্তিযোদ্ধা শেখ কামরুজ্জামান টুকু, জেলা ছাত্রলীগ সভাপতি শেখ মৈত্রী আবু হানিফ প্রমুখ। বক্তারা বলেন, "১৫ বছর নয়, চলতি বছরেই খালেদা জিয়া সরকারের পতন ঘটানো হবে। আওয়ামী পরিবারের প্রতি যতই নির্যাতন চালানো হোক না কেন, দেশবাসীকে সঙ্গে নিয়ে শেখ হাসিনার নেতৃত্বে প্রতিষ্ঠিত হবে। সমাবেশে বক্তারা তালুকদার আবদুল খালেক এমপি ও এসএম মোস্তফা রশিদী সুজাসহ সকল নেতাকর্মীর অবিলম্বে মুক্তি দাবি করেন।

মানিকগঞ্জ থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানান, ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে মানিকগঞ্জ জেলা ছাত্রলীগ র‍্যালি ও ঘরোয়া সভার কর্মসূচী পালন করেছে। সকাল এগারোটায় দলীয় কার্যালয়ে জেলা কমিটির সভাপতি আবুবকর সিদ্দিকী তুষারের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ। সভাশেষে একটি র‍্যালি মানিকগঞ্জ শহর প্রদক্ষিণ করে।

বক্তারা জোট সরকারের দুঃশাসন থেকে মুক্তির লক্ষ্যে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

সিলেট থেকে আমাদের স্টাফ রিপোর্টার জানান, বাংলাদেশ ছাত্রলীগের ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সিলেট মহানগর শাখা বিভিন্ন কর্মসূচী পালন করেছে। সকাল ১০টায় সংগঠনটির অস্থায়ী কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে কর্মসূচী শুরু করা হয়। বেলা ১১টায় সিলেটের কেন্দ্রীয় শহীদ মিনার থেকে একটি র‍্যালি বের করা হয়। র‍্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শহীদ মিনারে এসে শেষ হয়। এখানে মহানগর ছাত্রলীগের আহ্বায়ক হাবিবুর রহমান বেলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সভাপতি আ.খ.ম. শফিকুল হক। বিশেষ অতিথি ছিলেন মহানগর আওয়ামী লীগের সভাপতি ও মেয়র বদরউদ্দিন আহমেদ কামরান প্রমুখ। বক্তব্য রাখেন ছাত্রনেতা শফিউল আলম নাদেল, নাসিরউদ্দিন খান, সালেহ আহমদ সেলিম, জগলু চৌধুরী, আ.খ.ম. রাশেদ, পীযূষ কান্তি দেবসহ অন্যরা।

নওগাঁ থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানান, শনিবার বাংলাদেশ ছাত্রলীগের ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী নওগাঁয় যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে। এ উপলক্ষে জেলা ছাত্রলীগ সকালে দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, জাতির জনক, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে মাল্যদান, বঙ্গবন্ধু ও জাতীয় চার নেতাসহ সকল শহীদের আত্মার মাগফিরাত কামনায় ১ মিনিট নীরবতা পালন করে। বেলা ১১টায় বর্ণাঢ্য ছাত্ররালি শহর প্রদক্ষিণ করে। রঙবেরঙের ব্যানার ও ফেস্টুন হাতে বিশাল এ ছাত্ররালি দলীয় কার্যালয় থেকে শুরু হয়। বিকালে নওগাঁ ব্রিজের মোড়ে স্বাধীনতা ভাস্কর্য পাদদেশে জেলা ছাত্রলীগের সভাপতি বিভাস মজুমদার গোপালের সভাপতিত্বে আলোচনাসভা অনুষ্ঠিত হয়।

এদিকে ঝালকাঠি থেকে আমাদের নিজস্ব সংবাদদাতা জানান, শনিবার সকাল ১১টায় বাংলাদেশ ছাত্রলীগের ৫৫তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে র‍্যালি ঝালকাঠিতে জেলা ছাত্রলীগ পথর‍্যালি ও পথসভার আয়োজন করেছে। র‍্যালিটি শহর প্রদক্ষিণ শেষে ঝালকাঠি প্রেসক্লাব চত্বরে পথসভায় জেলা ছাত্রলীগের নেতা হাবিবুর রহমান হাবিল, মানিক লাল ঘোষ, দেলোয়ার হোসেন ও রেজাউল করিম জাকির বক্তব্য রাখেন। জেলা আওয়ামী লীগ নেতা আঃ মন্নান রসুল ও সরদার শামসুল হক আক্কাসসহ কয়েকজন র‍্যালিতে অংশ নেন।